



(একই স্মারক ও তারিখে বিকল্প পত্র)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৭জি/৯৭ (ক-৩)/২০১২/৮০৯/১০

তারিখ: ০৬/০৩/২০২৪খ্রি.

বিষয়: শুনানীর তারিখ পরিবর্তন।

সূত্র: ১। রিট পিটিশন নং-৫২৪১/২০২১


২। মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৭জি/৯৭ (ক-৩)/২০১২/৮০৯/১০; তারিখ: ০৬/০৩/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন মোহনগঞ্জ ডিগ্রি কলেজের জনাব মো: শাহাদত হোসেন, প্রভাষক (ইংরেজি) যোগদানের তারিখ থেকে এমপিওভুক্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫২৪১/২০২১ দায়ের করেন।

উপরে বর্ণিত বিষয়ে রাজশাহী জেলার মোহনগঞ্জ ডিগ্রি কলেজের জনাব মো: শাহাদত হোসেন এর নিয়োগ সংক্রান্ত প্রমানক "নিয়োগ মূল্যায়ন শিট" এ উল্লিখিত মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি হিসেবে দেখানো হয়েছে নিউ গভ: ডিগ্রি কলেজ, রাজশাহী এর প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর এস.এম. জার্নিস কাদির (আইডি নং-৪৬৭২) এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে দেখানো হয়েছে জনাব মোঃ সামসুল হক, রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী, প্রাক্তন সহযোগী অধ্যাপক, ইংরেজি (বর্তমানে বশির উদ্দিন মেমোরিয়াল কো- অপারেটিভ মহিলা কলেজ, নওগাঁতে অধ্যক্ষ হিসেবে কর্মরত) এর নাম। তাঁরা উক্ত নিয়োগ কার্যক্রমে অংশগ্রহন করেছেন কিনা তার তথ্য প্রয়োজন।

মাউশি অধিদপ্তরের সূত্রোস্থ (২) নং স্মারক মোতাবেক শুনানীর জন্য পত্র প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, মোহনগঞ্জ ডিগ্রি কলেজ, রাজশাহী এর জনাব শাহাদত হোসেন, প্রভাষক ইংরেজি এর যে নিয়োগ মূল্যায়ন শিট দেখানো হয়েছে এতে উপরোল্লিখিত দুই জন কর্মকর্তার স্বাক্ষর রয়েছে কিনা তার সত্যতা যাচাইয়ের জন্য স্মারক নং-৭জি/৯৭(ক-৩)/২০১২/৫৩৬৬/১০; তারিখ: ১৯/১০/২০২৩খ্রি. মোতাবেক পত্র প্রেরণ করা হয়। শারীরিকভাবে অসুস্থ থাকার করনে জনাব মো: সামসুল হক, অধ্যক্ষ, বশির উদ্দিন মেমোরিয়াল কো-অপারেটিভ মহিলা কলেজ, নওগাঁ ০১/১১/২০২৩খ্রি. তারিখে শুনানী উপস্থিত হতে পারেননি। আগামী ১৩/০৩/২০২৪ খ্রি. তারিখে সকাল ৯.৩০ ঘটিকায় পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে শুনানীতে উপস্থিতি থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd



বিতরণ :

- ১) জনাব মো: সামসুল হক, অধ্যক্ষ, বশির উদ্দিন মেমোরিয়াল কো-অপারেটিভ মহিলা কলেজ, নওগাঁ। (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ) অনুলিপি; সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩) উপপরিচালক (কলেজ-২) শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ),
- ৪) সহকারী পরিচালক, (কলেজ-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ);
- ৫) জনাব, আল-আমিন সরকার, শিক্ষা অফিসার-২, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ)
- ৬) জনাব, এম সিদ্দিকুর রহমান, অফিসার ইনচার্জ (কমার্শিয়াল সেল), আইন শাখা (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ)
- ৭) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নওগাঁ (পত্রটি প্রাপকের নিকট পৌছানো নিশ্চিতকরণের অনুরোধসহ)
- ৮) জনাব মো: শাহাদত হোসেন, প্রভাষক (ইংরেজি), মোহনগঞ্জ ডিগ্রি কলেজ, বাগমারা, রাজশাহী।
- ৯) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১০) পি এ টু পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পরিচালক কলেজ ও প্রশাসন) মহোদয়কে অবহিতকরণের অনুরোধসহ)।
- ১০) সংরক্ষণ নথি।